# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৭৫

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক উত্তম কথাকে খেজুরের সাথে আর মন্দ কথাকে তিক্ত শশার সাথে উপমা প্রদান

## ذِكْرُ الْإِخْبَارِ عَنْ تَشْبِيهِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْكَلِمَةَ الطَّيِّبَةَ بِالنَّخْلَةِ وَالْخَبِيثَةَ بِالْحَنْظَلِ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا غَسَّانُ بْنُ الرَّبِيعِ عَنْ حَمَّادِ بْنِ سَلَمَةَ عَنْ شُعَيْبِ بْنِ الْحَبْحَابِ: عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم أتي بِقِناع جَزْءٍ فقال: {مثلُ كَلِمَةً طَيِّبَةً كَشَجَرَةٍ طَيِّبَةٍ أَصْلُهَا ثَابِتٌ وَفَرْعُهَا فِي السَّمَاءِ * تُؤْتِي أُكُلها كُلَّ حِينٍ بِإِذْنِ رَبِّهَا} [إبراهيم: 24 -25] فقال: (هِيَ النَّخْلَةُ) {وَمَثَلُ كَلِمَةٍ خَبِيثَةٍ كَشَجَرَةٍ خَبِيثَةٍ اجتُثت مِنْ فَوْقِ الْأَرْضِ مَا لَهَا مِنْ قَرَارٍ} [إبراهيم: 26] قَالَ: (هِيَ الْحَنْظَلَةُ)

قَالَ شُعَيْبٌ: فَأَخْبَرْتُ بِذَلِكَ أَبَا الْعَالِيَةِ فقال: كذلك كنا نسمع.

الراوي : أَنَس بْن مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 475 | خلاصة حكم المحدث: ضعيف مرفوعاً , صحيح موقوفاً.

বাংলা

৪৭৫. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এক থোকা কাঁচা খেজুর দেওয়া হলো। তখন তিনি বলেন: “উত্তম বাণীর দৃষ্টান্ত হলো পবিত্র বৃক্ষের ন্যায়; যার মূল মজবুতভাবে প্রোথিত আর তার শাখা আসমানে উত্থিত। এটি তার রবের নির্দেশক্রমে সব সময় ফল দিয়ে থাকে।” (সূরা ইবরাহিম: ২৪-২৫।) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “এটি হলো খেজুর গাছ।” আল্লাহর বাণী: “আর মন্দ কথার দৃষ্টান্ত হলো মন্দ বৃক্ষের ন্যায়; যা জমিনের উপর থেকে উৎপাটিত হয়, যার কোন স্থায়ীত্ব নেই।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “এটি হলো তিক্ত শশা।”[1]

শু'আইব রহিমাহুল্লাহ বলেন: “আমি হাদীসটি আবুল ‘আলিয়াকে বললে তিনি বলেন: “আমরাও এভাবেই শুনে আসছি।”

قَالَ أَبُو حَاتِمٍ: رَضِيَ اللَّهُ عَنْهُ: قَوْلُ أَنَسٍ: (إِنَّهُ أُتِيَ بِقِنَاعِ جَزْءٍ أَرَادَ بِهِ طَبَقَ رُطَبٍ لِأَنَّ أَهْلَ الْمَدِينَةِ يُسَمُّونَ الطَّبَقَ القناع والرُّطَبَ الجزء.

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: “আনাস রাদ্বিয়াল্লাহু আনহুর বক্তব্য ‘إِنَّهُ أُتِيَ بِقِنَاعِ جَزْءٍ’ এর দ্বারা উদ্দেশ্য হলো ‘এক থোকা কাঁচা খেজুর’ কারণ মদীনা বাসীরা থোকাকে القناع বলে আর কাঁচা খেজুরকে الجزء বলে।”

## ফুটনোট

[1] তাবারানী: ২০৬৭৮; তাফসীরে ইবনু কাসীর: ৪/৪১৩।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে মাওকূফ হিসেবে সহীহ বলেছেন, মারফু‘ হিসেবে য‘ঈফ বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ৪৭৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88939

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন